গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা
www.paikgasa.khulna.gov.bd

# আসন্ন শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের লক্ষ্যে পাইকগাছা উপজেলায় আইন-শৃংখলা নিয়ন্ত্রণসহ সার্বিক বিষয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মমতাজ বেগম , উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা। |
| তারিখ ও সময় | ঃ | ২০/০৯/২০২২ খ্রি. সকাল ১০.০০টা |
| স্হান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, পাইকগাছা, খুলনা। |
| উপস্হিতি | ঃ | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে সভাপতি উপস্হিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। সভাপতি আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২২ যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের আশাবাদ ব্যক্ত করেন। তিনি উল্লেখ করেন যে, পাইকগাছা উপজেলায় শান্তিপূর্ণ পরিবেশে দুর্গাপূজা উদযাপনের লক্ষ্যে সকলকে আন্তরিক ও সচেতন হতে হবে। তিনি সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে আসন্ন দুর্গাপূজা উপলক্ষে প্রদত্ত নির্দেশনা ও অনুশাসনসমূহ সভায় উপস্থাপন করেন। অতঃপর সভাপতি উপস্থিত সকল সদস্যকে আসন্ন শারদীয় উৎসব আয়োজন সুষ্ঠ ও সুন্দর করতে বক্তব্য উপস্থাপন করে পরামর্শ এবং সমস্যাসমূহ থাকলে উহা সমাধানের জন্য মতামত আহবান করেন।

সভায় উপস্হিত মেয়র, পাইকগাছা পৌরসভা, অফিসার ইন- চার্জ,পাইকগাছা থানা, ইউপি চেয়ারম্যান, উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদের সভাপতি/সম্পাদক, উপজেলা হিন্দু, বৌদ্ধ খ্রীষ্টান ঐক্য পরিষদের সভাপতি/সম্পাদক, সাংবাদিক, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ের প্রতিটি পূজা উদযাপন কমিটির সভাপতি/সম্পাদক এবং সুধীবৃন্দ সংক্ষেপে তাঁদের বক্তব্য উপস্হাপন করেন।

বক্তাগণ হিন্দু ধর্মের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উদ্‌যাপনকালে আইন-শৃংখলা পরিস্হিতি নিয়ন্ত্রণে রাখা, প্রতিটি পূজা মন্ডপে স্বেচ্ছাসেবকসহ আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী মোতায়েন, পুরোহিতসহ সকলকে বাধ্যতামূলক মাস্ক পরিধান করা , নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং লোড শেডিং হলে জেনারেটরের মাধ্যমে বিকল্প আলোর ব্যবস্থা রাখা, সল্প পরিসরে মাইকের ব্যবহার, ধর্মীয় সাংস্কৃতিক অনুষ্ঠান, নৌকা বাইচ, পূজা মন্ডপ / মন্দির প্রাঙ্গনে ভক্তিমূলক সংগীত ব্যতীত অন্য সংগীত বাজানো থেকে বিরত থাকা এবং মন্দির বা পূজা মন্ডপে প্রয়োজনের অতিরিক্ত সময় দর্শনার্থীদের অবস্থান না করার প্রস্তাব করেন ।

সভায় উপস্থিত অফিসার ইন-চার্জ এবং বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ বলেন যে, অত্র উপজেলায় ১৫৪টি পূজা মন্ডপে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে এবং সুন্দর পরিবেশে দুর্গাপূজা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ, আনসার-ভিডিপি সদস্য এবং গ্রাম পুলিশ মোতায়েন করা হবে। এছাড়া পুলিশের টহলদল কর্মরত থাকবে।

পরবর্তীতে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

| ক্র:নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | পূজামন্ডপে প্রতিমা নির্মাণকালে নিরাপত্তা | প্রতিমা নির্মাণস্থলে নিরাপত্তা নিশ্চিত করার জন্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ স্থানীয় নির্ধারিত তালিকাভুক্ত স্বেচ্ছাসেবক নজরদারী করবে। স্বেচ্ছাসেবকদের ডিউটি রেজিস্টার থাকতে হবে এবং উহাতে উল্লেখ থাকবে কার কখন ডিউটি শুরু এবং শেষ হলো। তার স্বাক্ষর থাকবে এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের ডিউটি যাচাই করবে। | ০১। অফিসার ইন চার্জ পাইকগাছা থানা।<br>০২। সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ০২ | স্বেচ্ছাসেবক দল গঠন ও পূজা সংশ্লিদের সার্বক্ষনিক উপস্থিতি নিশ্চিতকরণ। | পূজা মন্ডপের নিরাপত্তার জন্য প্রতিটি পূজা আয়োজনকারী কর্তৃপক্ষ নিজস্ব স্বেচ্ছাসেবক দল গঠন করবেন। উহাতে তাদের ব্যক্তিত্ব যাচাই করে নিবেন এবং স্বেচ্ছাসেবক দলের তালিকাসহ তাদের মোবাইল নম্বর (যদি থাকে) আইন প্রয়োগকারী সংস্হা এবং উপজেলা প্রশাসনকে প্রদান করবেন। স্বেচ্ছাসেবক দলে মহিলাদেরকেও সম্পৃক্ত করতে হবে এবং নির্ধারিত পোষাক পরিধানের ব্যবস্হা গ্রহন করবেন।<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটির সদস্যগণ ও গঠিত স্বেচ্ছাসেবকদের পরিচিতি ব্যাচ গলায় ঝুলিয়ে রাখবেন এবং পূজা উদ্‌যাপনকালে স্থানীয় পূজা উদযাপন কমিটির সদস্যগণ পর্যায়ক্রমে সার্বক্ষণিক উপস্হিত থাকতে হবে। | সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ০৩ | পূজা মন্ডপে সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিতকরণ। | পূজা মন্ডপসমূহে সিসি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা করতে হবে। সেই সংগে সি সি ক্যামেরায় ধারণকৃত ভিডিও ফুটেজ রেকর্ডও সংরক্ষণ করতে হবে।<br>শারদীয় দুর্গাপূজা চলাকালীন সময়ে পূজা মন্ডপে ও পাশ্ববর্তী এলাকায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ, আনসার ও স্থানীয় স্বেচ্ছাসেবক মোতায়েন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>পূজা মন্ডপসমূহের নিকটবর্তী জায়গায় আনসার সদস্য/নিরাপত্তা কর্মীদের অবসর সময়ে বিশ্রামের জন্য জায়গা নির্ধারণ করে দিতে হবে। এ ছাড়াও পূজা উদযাপন কমিটি অন্যান্য সহযোগিতা করবেন।<br>শারদীয় দুর্গাপূজায় যে কোন প্রকার বিঘ্ন সৃষ্টিকারী ও দুস্কৃতকারীদের অশুভ তৎপরতা রোধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১। অফিসার ইন চার্জ ,পাইকগাছা থানা।<br>০২। আনসার ভিডিপি অফিসার, পাইকগাছা<br>০৩। সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |

মমতাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

| | | | |
|---|---|---|---|
| ০৪ | পূজামন্ডপে আগত শিশু ও নারী দর্শনার্থীর নিরাপত্তা নিশ্চিতকরণ। | স্থানীয় বখাটে কর্তৃক পূজামন্ডপে আগত নারী ও শিশু দর্শনার্থীদের উত্যক্ত করা, ইভটিজিং, মাদক সেবন ইত্যাদি প্রতিরোধকল্পে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>প্রতিটি পূজা মন্ডপে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক পৃথক প্রবেশ ও বাহির পথ নিশ্চিত করা। | ০১। অফিসার ইন চার্জ ,পাইকগাছা থানা।<br>০২। আনসার ভিডিপি অফিসার, পাইকগাছা<br>০৩। সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ০৫ | সার্বক্ষনিক বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিক রাখা | শারদীয় দুর্গাপূজা ২০২২ চলাকালীন সময়ে পূজা মন্ডপ ও মন্ডপের আশপাশ এলাকায় বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>পৌরসভা এলাকায় সড়ক বাতিগুলো যাতে রাতের বেলায় সার্বক্ষনিক জ্বলে তার ব্যবস্থা করতে হবে।<br>বিশেষ করে পূজামন্ডপ এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত রাখতে প্রয়োজনে স্ব স্ব পূজা উদযাপন কমিটি সার্বক্ষণিক জেনারেটর / হ্যাজাক এর ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, পাইকগাছা।<br>০২। মেয়র, পাইকগাছা পৌরসভা<br>০৩। সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ০৬ | অগ্নি নির্বাপন ব্যবস্থা | শারদীয় দুর্গাপূজা-২০২২ উদযাপন উপলক্ষে এ উপজেলার বিশেষ করে পূজামন্ডপ এলাকায় নিজ উদ্যোগে অগ্নি নির্বাপন ব্যবস্থা রাখতে হবে। | সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ০৭ | ইউপি চেয়ারম্যানগণের সহিত পূজা মন্ডপ কমিটির নেতৃবৃন্দের সাথে মত বিনিময় সভা | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নের পূজা মন্ডপ কমিটির নেতৃবৃন্দের সাথে প্রস্তুতি সংক্রান্তে আলোচনা করবেন এবং তাঁদের ইউনিয়নের পূজা মন্ডপের নিরাপত্তার জন্য গ্রাম পুলিশদেরকে দায়িত্ব প্রদান করবেন। | ০১।সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>০২। সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ০৮ | পটকা বা আতশবাজি ফুটানোসহ নাশকতা মূলক কার্যক্রম থেকে বিরত রাখা | কোন প্রকার পটকা বা আতশবাজি ফুটানো যাবে না। সাউন্ড বক্স বাজিয়ে ট্রাকে বা নৌকায় আরহন করে উৎসব/ উল্লাস করা থেকে বিরত থাকতে হবে। ডিজে বা ড্যান্স পার্টির আয়োজন করা যাবে না। মেলা,কনসার্ট বা যাত্রাপালা করা থেকে বিরত থাকতে হবে। | ০১। অফিসার ইন চার্জ পাইকগাছা থানা।<br>০২। আনসার ভিডিপি অফিসার, পাইকগাছা<br>০৩।সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ০৯ | যাতায়াতের রাস্তায় যানজট সৃষ্টি সংক্রান্ত | যাতায়াতের রাস্তায় যানজট সৃষ্টি রোধের জন্য মটর সাইকেল /ভ্যানগাড়ীসহ অন্য যানবাহন রেখে জটলা তৈরী করা যাবে না। পূজা মন্ডপের আশেপাশে (কাছাকাছি) দোকানপাট, হাউজি কিংবা জুয়ার আসর যাতে না বসে এবং চলাচলের পথে যাহাতে প্রতিবন্ধকতা সৃষ্টি হয় সে বিষয়ে পূজা উদ্যাপন কমিটির সভাপতি/সম্পাদক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। সার্বক্ষনিক স্বেচ্ছাসেবক ও আনসার বাহিনী এ বিষয়ে নজরদারী করবে।<br>পূজা অনুষ্ঠানে মদ, গাঁজা, জুয়া ও কোন প্রকার মাদক দ্রব্যের ব্যবহার না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। প্রয়োজনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে গোপনে জানাতে হবে। | ০১। অফিসার ইন চার্জ পাইকগাছা থানা।<br>০২। আনসার ভিডিপি অফিসার, পাইকগাছা<br>০৩। সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি।<br>০৪। বাস মালিক সমিতিসহ অন্যান্য যানবাহনের মালিক /চালক |
| ১০ | মাইক এবং উচ্চস্বরে শব্দ যন্ত্র / বাদ্যযন্ত্র বাজানো | আজান ও নামাজের সময় মাইক বাজানো থেকে বিরত থাকতে হবে এবং উচ্চস্বরে বাদ্যযন্ত্র/ কোন প্রকার শব্দযন্ত্র বাজানো যাবে না। রাত ১০.০০ টার পর কোন পূজা মন্ডপে মাইক ব্যবহার করা যাবে না। অসুস্থ, বৃদ্ধ ও শিশুদের অসুবিধার কথা বিবেচনায় রেখে প্রয়োজনে পূজা মন্ডপ চত্বরে সীমিত আকারে (শব্দে) সাউন্ড বক্স ব্যবহার করা যাবে। | ০১। অফিসার ইন চার্জ পাইকগাছা থানা।<br>০২। আনসার ভিডিপি অফিসার, পাইকগাছা<br>০৩। সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ১১ | যানজট সৃষ্টি সংক্রান্ত | বাস/ট্রাকসহ অন্যান্য যানবাহন যাতে রাস্তার উপর না থাকে অন্ততঃ তেলের পাম্প থেকে জিরো পয়েন্টের ভেতর এবং পাইকগাছা বাজার পর্যন্ত রাস্তায় কোন প্রকার বাস/মাইক্রো/নছিমন/করিমনসহ ইঞ্জিন চালিত যানবাহন মুক্ত রাখারজন্য সংশ্লিষ্ট সকলকে এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য অনুরোধ করা হলো | ০১। অফিসার ইন চার্জ ,পাইকগাছা থানা।<br>০২। আনসার ভিডিপি অফিসার, পাইকগাছা<br>০৩। বাস মালিক সমিতি |
| ১২ | পরিদর্শন রেজিষ্টার ব্যবস্থা সংক্রান্ত | প্রত্যেক পূজা মন্ডপে একটি করে পরিদর্শন রেজিষ্টার রাখতে হবে যাতে উর্ধ্বতন কর্তৃপক্ষ বা কর্মকর্তাগণ পরিদর্শন মন্তব্য লিপিবদ্ধ করে স্বাক্ষর করতে পারেন। | সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ১৩ | বিসর্জন কালিন নিরাপত্তা ব্যবস্থা | সরকারী নির্দেশনার আলোকে সূযাস্তের পূর্বে পূজা ও বিসর্জন কাযক্রম শেষ করতে হবে। মন্দির/ পূজা কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহন করবেন। প্রতিমা বিসর্জনকালে বিসর্জন স্থানের/ ঘাটের দোকানপাট বন্ধ রাখতে হবে। বিসর্জনের দিনে কোন দুর্ঘটনা এড়াতে পৌর এলাকায় নৌ পুলিশের ডুবুরি দল প্রস্তুত থাকবে। | ০১। অফিসার ইন চার্জ পাইকগাছা থানা।<br>০২। আনসার ভিডিপি অফিসার, পাইকগাছা<br>০৩। নৌ পুলিশ ফাড়ি<br>০৪।সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |
| ১৪ | যোগাযোগ ব্যবস্থা সংক্রান্ত | শারদীয় দূর্গা পূজা ২০২২ চলাকালে যে কোন জরুরি প্রয়োজনে নিম্নোক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য সভাপতি/সম্পাদক, সকল পূজা মন্ডপ কমিটিকে অনুরোধ করা হলো।<br>(ক) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, পাইকগাছা -- ০১৯৩২-২৬৯০০৩ | সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি। |

মমতাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

| | | | |
|---|---|---|---|
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা-০১৩২২-৮৭৫৫৩৭<br>(গ) সহকারী কমিশনার (ভূমি) , পাইকগাছা ,খুলনা- ০১৪০১-১৭৫০১৫<br>(ঘ)অফিসার ইন- চার্জ, পাইকগাছা থানা -- ০১৭১৩-৩৭৪১০৫<br>(ঙ) উপ:আনসার ও ভিডিপি কর্মকর্তা,পাইকগাছা-০১৭৯৫-৮৬৯৯১১<br>(চ) সভাপতি/সম্পাদক,পূজা উদযাপন কমিটি,পাইকগাছা ০১৭১১-০১১১৬৯<br>সম্পাদক- ০১৭১৩-৯১২২০০ | |

পরিশেষে, কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে শারদীয়া দূর্গা পূজা যাতে উদ্‌যাপন করা যায় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হয় এবং অতীতের ন্যায় এবছরও সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে হিন্দু সম্প্রদায়ের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা আনন্দমুখর পরিবেশে উদ্‌যাপনের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্হিত সকলকে পূজার অগ্রিম শুভেচ্ছা এবং ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/৯/২২

( মমতাজ বেগম )
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।
ফোন : ০২৪৭৭৭-৩১৬০৬
unopaikgacha@mopa.gov.bd

২০/৯/২০২২

স্মারক নং- ০৫.৪৪.৪৭৬৪.০০১.২৯.০০৩.২২ - ৭৮৬(২৬৩) তারিখ: ০৫ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ / ২০ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৬।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা।
০৩। জেলা প্রশাসক,খুলনা।
০৪। পুলিশ সুপার, খুলনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাইকগাছা, খুলনা।
০৬। মেয়র, পাইকগাছা পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা।
০৮। উপজেলা ............................................ কর্মকর্তা,(সংশিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
০৯। চেয়ারম্যান..............................................ইউপি (সকল )পাইকগাছা,খুলনা।
১০। সভাপতি/সম্পাদক, উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদ, পাইকগাছা, খুলনা।
১১। সভাপতি/সম্পাদক, হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ঐক্য পরিষদ, পাইকগাছা, খুলনা।
১২। সভাপতি/সম্পাদক .. .. .. .. .. .. .. .. .. .. .. ..প্রেস ক্লাব,পাইকগাছা/কপিলমুনি/মফস্বল সাংবাদিক ফোরাম।
১৩। সভাপতি/সম্পাদক, ..............................................সার্বজনীন পূজা মন্ডপ উদ্‌যাপন কমিটি, পাইকগাছা।
১৪। জনাব ....................................................................(সংশ্লিষ্ট অন্যান্য সকল), পাইকগাছা , খুলনা।
১৫। সংশ্লিষ্ট নথি।